বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৯

**বিষয়: বিএআরসি'র সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫-এর কার্যক্রম [২.১] অনুসারে সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ, কেন্দ্র ও ইউনিটের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫-এর কার্যক্রম [২.১] অনুসারে সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ, কেন্দ্র ও ইউনিটের সমন্বয়ে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) সভা গত ৩০/১২/২০২৪ খ্রি. তারিখ বেলা ৩:০০ ঘটিকায় সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, এপিএ টীম, বিএআরসি এর সভাপতিত্বে বিএআরসি'র সভাকক্ষ-১-এ অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

০৬-০১-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
+৮৮০২-৪১০২৫২৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
২। সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৩। সদস্য পরিচালক, প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৪। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৫। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৬। সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৭। সদস্য পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৮। পরিচালক, অর্থ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৯। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃষি তথ্য কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১০। পরিচালক, সাপোর্ট সার্ভিস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পুষ্টি ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৩। পরিচালক, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
১৪। পরিচালক (চলতি দায়িত্ব), টিটিএমইউ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৯/১ (৫)

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
২। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়।
৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
৫। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

০৬-০১-২০২৫
ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনায় কার্যক্রম [২.১] এর আওতায় ''সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন'' সংক্রান্ত অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং আহবায়ক, এপিএ টীম বিএআরসি। |
| তারিখ ও সময় | : ৩০ ডিসেম্বর ২০২৪; বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' |

১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনাব মো: আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার এবং সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনার আওতায় ২য় ত্রৈমাসিকে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর লক্ষমাত্রা অনুযায়ী কার্যক্রম [১.১] বাস্তবায়নে গত ২৪ নভেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পর্যালোচনা কর্মশালার সুপারিশ এবং হালনাগাদকরণ কমিটির আলোচনা মোতাবেক ২য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। এক্ষেত্রে সিটিজেন চার্টারে কাউন্সিলের 'বিজ্ঞানী/কর্মকর্তাদের বিদেশ প্রত্যাবর্তন প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ' শিরোনামে একটি দাপ্তরিক সেবা হিসেবে অন্তর্ভুক্তি, সিটিজেন চার্টারের ক্রম ৪-এ দেশের অভ্যন্তরে পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান; ক্রম ৫-এ বিদেশে উচ্চশিক্ষা/ প্রশিক্ষণ/সভা/ সেমিনার/ কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর প্রক্রিয়াকরণ ও প্রদান; ক্রম ১৬-এ বিদেশে উচ্চশিক্ষা/প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের মনোনয়ন প্রদান ও জিও প্রক্রিয়াকরণ/প্রদান; এবং প্রযোজ্যক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য পরিবর্তন করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। আরো উল্লেখ্য যে, বিএআরসি'র সিটিজেন চার্টার হালনাগাদকরণ পূর্ববর্তী অবস্থা (১২/১২/২০২৪) এবং পরবর্তী অবস্থার (২৬/১২/২০২৪) স্ক্রীনশট কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

কার্যক্রম [১.৩] বাস্তবায়নে গত ১৮/১২/২০২৪ তারিখ তুলা ভবন, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকায় স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।

কার্যক্রম [২.১] বাস্তবায়নে অদ্য ৩০/১২/২০২৪ তারিখ বিএআরসি'র সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে।

কার্যক্রম [২.২] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৫/০১/২০২৫ তারিখের মধ্যে প্রস্তুত করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

কার্যক্রম [২.৪] বাস্তবায়নের অংশহিসেবে গত ২৪/১১/২০২৪ তারিখ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে একটি পর্যালোচনা কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে কাউন্সিলের সকল বিভাগ ও ইউনিটকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণসহ কৃষি মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

২। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নে কাউন্সিলের আওতাধীন সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে অনুষ্ঠিত সভাটি সেবাগ্রহীতাদের নির্ধারিত সময়ে মানসম্পন্ন সেবা পেতে অগ্রণী ভূমিকা পালন করবে।

৩। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি'র প্রতিটি বিভাগ ও ইউনিট কর্তৃক প্রদত্ত সেবা প্রদান তথ্য ত্রৈমাসিকভিত্তিতে সিটিজেন চার্টারের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

৪। সভাপতি সভায় উপস্থিত সকলকে ২য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির ওপর মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত সিটিজেন চার্টার গাইডলাইন মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের ওপর বিস্তারিত আলোচনা করা হয়।

৪.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণে সকল বিভাগ, ইউনিট ও শাখা কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে নতুন সেবা অন্তর্ভুক্তি ও সেবা হালনাগাদের প্রস্তাব ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়;

৪.২ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল বিভাগ, ইউনিট ও শাখা কর্তৃক প্রদত্ত সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রান্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়;

৪.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়;

৪.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত কর্মশালা ও স্টেকহোল্ডার সমন্বয়ে অনুষ্ঠিত সভার সুপারিশ বাস্তবায়নের ওপর আলোচনা করা হয়; এবং

৪.৫ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ২য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।

০৫। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৫.১ | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণে প্রযোজ্য ক্ষেত্রে নতুন সেবা অন্তর্ভুক্তি ও সেবা হালনাগাদের প্রস্তাব প্রান্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.২ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রান্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৫.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত কর্মশালা ও স্টেকহোল্ডার সমন্বয়ে অনুষ্ঠিত সভার সুপারিশ বাস্তবায়ন করতে হবে; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি। |
| ৫.৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ২য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ ব্যবস্থা গ্রহণ; | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি। |

০৬। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

৩১/১২/২০২৪

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং
আহবায়ক
এপিএ টীম, বিএআরসি।